অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/21/2025 **গভর্নর ক্যাথি হোকল**

জুন মাসে ঘটে যাওয়া ভয়াবহ ঝড় ও বন্যার কারণে ক্ষতিগ্রস্ত বাসিন্দা এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে ইউ.এস. স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ফেডারেল সহায়তা প্রদান করবে বলে গভর্নর হোকল ঘোষণা করেছেন

ম্যাডিসন, চেনাঙ্গো, কর্টল্যান্ড, ওনিডা, ওনন্ডাগা, অসওয়েগো এবং ওটসেগো কাউন্টিতে বসবসরত বাড়ির মালিক, ভাড়াটিয়া এবং ব্যবসায়ীগণ ইউ.এস. স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্বল্প সুদের ঋণের জন্য আবেদন করতে পারবেন

অনলাইনে ঋণের আবেদন করা যাচ্ছে

আজকে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেছেন যে ম্যাডিসন কাউন্টির (Madison County) পাশাপাশি পার্শ্ববর্তী চেনাঙ্গো (Chenango), কর্টল্যান্ড (Cortland), ওনিডা (Oneida), ওনোন্ডাগা (Onondaga), অসওয়েগো (Oswego) এবং ওটসেগো (Otsego) কাউন্টির নিউ ইয়র্কবাসীগণও এখন ফেডারেল সহায়তা পেতে পারেন। গত 22 জুন ঝড়-বৃষ্টিতে বাড়িঘর ও ব্যবসার ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ায় এখন বাড়ির মালিক, ভাড়াটিয়া এবং ব্যবসায়ীরা ইউ.এস. স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (U.S. Small Business Administration, SBA)-এর স্বল্প সুদের ঋণের জন্য আবেদন করতে পারবেন।

"এই গ্রীষ্মের শুরুর ঝড়ে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য এখন ত্রাণ সহায়তা পাওয়া যাচ্ছে," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "ঝড়ে ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক, ভাড়াটিয়া এবং ব্যবসায়ীদের এই সহায়তা কর্মসূচির সুবিধা নিতে আমি দৃঢ়ভাবে আহ্বান জানাচ্ছি।"

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "গত জুন মাসে, সেন্ট্রাল NY এবং মোহক ভ্যালির (Mohawk Valley) বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো বৈরী আবহাওয়ার কারণে সৃষ্ট আকস্মিক বন্যা এবং টর্নেডোর মতো ঝড়ে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন, আমরা ফেডারেল রিসোর্স উন্মুক্ত করছি যাতে বাড়ি এবং ব্যবসার মালিকগণ ইউ.এস. স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাধ্যমে স্বল্প সুদের ঋণ পেতে পারেন যা দিয়ে তারা ঝড়ের ক্ষয়ক্ষতি থেকে নিজেদের পুনরুদ্ধার, জরুরি মেরামত এবং ক্ষতিগ্রস্ত সম্পত্তি প্রতিস্থাপন করতে পারবেন। এই বিধ্বংসী ঝড়ের পর মানুষ এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আবার স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে আমি সবসময় লড়াই করে যাব এবং আপস্টেট নিউ ইয়র্কের (Upstate New York) ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোকে আরো শক্তিশালী করে গড়ে তুলতে সাহায্য করবো।"

সিনেটর Kristen Gillibrand (ক্রিস্টেন গিলিব্র্যান্ড) বলেন, "এই গ্রীষ্মের শুরুতে ঘটে যাওয়া ঝড় ও বন্যার কারণে সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং আশপাশের এলাকাগুলো এখনো দুর্ভোগে দিন পার করছে। আজ, আমি খুশি যে সেখানকার মানুষ এবং ক্ষুদ্র ব্যবসায়ীরা প্রয়োজনীয় ফেডারেল সহায়তা পাবে। জলবায়ু পরিবর্তনের কারণে এমন ঘটনা দিন দিন বাড়ছে, তাই আমি নিশ্চিত করব যে পরিবার, বাড়ির মালিক ও ক্ষুদ্র ব্যবসায়ীরা যাতে ঘুরে দাঁড়ানোর জন্য প্রয়োজনীয় সব ধরনের সহায়তা পায়।"

প্রতিনিধি John W. Mannion (জন ডব্লিউ. ম্যানিয়ন) বলেন, "জুন মাসের ভয়াবহ ঝড়ে মানুষ যেসব সমস্যার মুখে পড়েছে, তা আমি জানি আর এজন্যই আমি চেষ্টা করেছি যেন আমাদের স্থানীয় কাউন্টিগুলোও এই ঘোষণার আওতায় আসে। ফেডারেল দুর্যোগ ত্রাণ হলো পরিবার এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর ঘুরে দাঁড়ানোর জন্য আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার আর NY-22-এ এই সহায়তার জন্য আবেদন প্রক্রিয়ায় বা এ সংশ্লিষ্ট যাদেরই সাহায্যের প্রয়োজন, আমার অফিস তাদের পাশে আছে।"

এই ঘোষিত কাউন্টির বাড়িওয়ালা, ভাড়াটে এবং ব্যবসায়ীগণ এখন SBA ঋণের জন্য যোগ্য। SBA ঋণের উপযুক্ত পক্ষগুলোর জন্য খুব সহায়ক হতে পারে যাদের আবহাওয়া সম্পর্কিত দুর্যোগ এবং অন্যান্য জরুরি অবস্থার পরে রিকোভারের জন্য আর্থিক সহায়তার প্রয়োজন হয়ে থাকে।

নিম্নলিখিত গ্রুপগুলো SBA-এর দুর্যোগকালীন ঋণের জন্য যোগ্য হতে পারে:

- বাড়ির মালিক: তাদের মূল আবাস মেরামত করার জন্য 500,000 মার্কিন ডলার পর্যন্ত।
- বাড়ির মালিক ও ভাড়াটিয়া: ক্ষতিগ্রস্ত হওয়া অথবা ধ্বংস হয়ে যাওয়া ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপনের জন্য 100,000 মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসার মালিক:ভূমিসম্পদ, ইনভেন্টরি, মেশিনারি, সরঞ্জাম, এবং অন্যান্য ভৌত ক্ষতি প্রতিস্থাপনের জন্য 2,000,000 মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা: একটি দুর্যোগের পর স্বাভাবিক কর্মকাণ্ড পুনরায় শুরু হওয়ার পূর্ব পর্যন্ত প্রয়োজনীয় কার্যকরী মূলধন প্রদান করার জন্য 2,000,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থনৈতিক আঘাত দুর্যোগ ঋণ (Economic Injury Disaster Loans)।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (New York State Division of Homeland Security and Emergency Services) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "জুনের বৈরী আবহাওয়ায় ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের এই স্বল্প সুদের ফেডারেল ঋণের সুযোগ গ্রহণ করা উচিত। এই সহায়তা বাড়ির মালিক, ভাড়াটিয়া এবং ব্যবসায়ীদের জুন মাসের ঝড়ের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে অনেক সাহায্য করবে।"

নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্য পেতে, আবেদনপত্র ডাউনলোড করতে এবং অনলাইনে আবেদন করতে পারবে। তারা SBA-এর গ্রাহক পরিষেবা কেন্দ্রে (800) 659-2955 নম্বরে কল

করতে পারে বা ইমেল করতে পারে disastercustomerservice@sba.gov। ব্যক্তিগত সহায়তা এবং আবেদনের জন্য লোকেশনগুলো আগামী দিনে ঘোষণা করা হবে।

টেলিযোগাযোগ রিলে সেবা পাওয়ার জন্য বধির, শ্রবণে সমস্যা থাকা, বা বাক অক্ষমতাসহ ব্যক্তিরা 7-1-1 এ ডায়াল করতে পারবে।

ভৌত সম্পত্তির ক্ষয়ক্ষতির জন্য রিটার্ন আবেদন জমা দেওয়ার শেষ তারিখ 20 অক্টোবর, 2025। আর্থিক ক্ষতির রিটার্ন আবেদন করার শেষ তারিখ 20 মে, 2026।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, সাড়াদান, ও পুনরুদ্ধারের প্রচেষ্টার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-এর Facebook পেজ ভিজিট করুন, X-এ @NYSDHSES ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

রিয়েল টাইম জরুরি এবং আবহাওয়ার অ্যালার্ট টেক্সট সরাসরি আপনার ফোনে পান। নাম লেখানোর জন্য আপনি যে কাউন্টি বা বরোতে বাস করছেন তার নাম 333111-এ টেক্সট করুন। আরো জানুন dhses.ny.gov/emergency-alerts-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন